

ফাতওয়া নাম্বার: ৩৭৬

প্রকাশকাল: ২৬-০৬-২০২৩ ইং

সাহেবে নেসাবের অর্থ অন্যের হাতে থাকলে কি তার ওপর কুরবানী ওয়াজিব হবে?

প্রশ্ন:

আমার এক ভাই নেসাব পরিমাণ সম্পদের মালিক। তবে সেটা কাগজে কলমে। তার হাতে মাত্র দশ হাজার টাকা আছে। বাকিটা অন্যদের কাছে পাওনা। তারা কবে দিবে, তাও নিশ্চিত না। তবে দিবে এটুকু নিশ্চিত। এমতাবস্থায় কি তার উপর কুরবানী ওয়াজিব হবে?

উত্তর:

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

যেহেতু তিনি নেসাব পরিমাণ সম্পদের মালিক, আবার তার হাতে কুরবানী করার মতো টাকাও আছে, তাই তার উপর কুরবানী ওয়াজিব। যদি হাতে কুরবানী করার মতো টাকা না থাকতো এবং ঋণগ্রহীতাদের কাছে কুরবানীর পরিমাণ অর্থ চাইলে তারা না দিতো, তাহলে কুরবানী ওয়াজিব হত না।-আল-ফাতাওয়াত তাতারখানিয়াহ: ১৭/৪৬৪ (যাকারিয়া বুক ডিপো, ভারত); আল-ফাতাওয়াল হিন্দিয়া: ৫/৩০৭ (দারুল ফিকর)

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৮-১১-১৪৪৪ হি.

১৮-০৬-২০২৩ ঙ.

